মোঃ মোস্তাফিজুর রহমান. পিএএ
বিভাগীয় কমিশনার
ফোন: ০৮২১-৮৪০০০২
ফ্যাক্স: ০৮২১-৮৪০০২০
ইমেইল:
divcomsylhet@mopa.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৪০.০১.৯১০০.১০১.০৬.০০৩.১৯.৩৭

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৬
৩০ সেপ্টেম্বর ২০১৯

প্রিয় সহকর্মী,

শুভেচ্ছা নিবেন। আপনি অবগত আছেন যে, সরকার, মালিক ও শ্রমিক পক্ষের ঐক্যমত ও আন্তরিকতায় তৈরী পোশাক শিল্প হতে শিশুশ্রম পুরোপুরি প্রত্যাহার হয়েছে। এতে আর্ন্তজাতিক অঙ্গনে বাংলাদেশের ভাবমূর্তি উজ্বল হয়েছে। কিন্তু তা সত্বেও বাংলাদেশের শিশু-কিশোরদের উল্লেখযোগ্য অংশ এখনও বিভিন্ন সেক্টরে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত রয়েছে। বাংলাদেশের শিশুশ্রম পরিস্থিতির ইতিবাচক পরিবর্তনের জন্য একটি নীতিমালার প্রয়োজনীয়তা অনুধাবন করে সরকার জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০ প্রণয়ন করে।

২। জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা মোতাবেক দেশের প্রতিটি বিভাগ, জেলা এবং উপজেলায় শিশুশ্রম নিরসন সংক্রান্ত কমিটি গঠনের গেজেট প্রজ্ঞাপন রয়েছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম অধিদপ্তর, সংশ্লিষ্ট এনজিও এবং চা বাগানসহ বিভিন্ন শিল্প সেক্টরের কর্তৃপক্ষকে সাথে নিয়ে জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিতভাবে আয়োজনের মাধ্যমে শিশুশ্রম নিরসনে সক্রিয় ভূমিকা রাখবেন প্রত্যাশা করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার ,

৭-১০-২০১৯
মোঃ মোস্তাফিজুর রহমান. পিএএ
বিভাগীয় কমিশনার

প্রাপক:
১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ
৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার